

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৯৫

১১/ জানাযা

পরিচ্ছেদঃ পুরুষের জন্য কবর যিয়ারত করা মুস্তাহাব এবং তার দু'আ

আরবী

عَن بُرَيْدَةَ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ كُنْتُ نَهَيْتُكُمْ عَن زِيَارَةِ القُبُورِ فَزُورُوهَارواه مسلم وَفِيْ رِوَايَةٍ فَمَنْ أَرَادَ أَنْ يَزُورَ القُبُورَ فَلْيَزُرْ فَإِنَّهَا تُذَكِّرُنَا الآخِرَةَ

বাংলা

(১৩৯৫) বুরাইদাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি তোমাদেরকে (পূর্বে) কবর যিয়ারত করা থেকে নিষেধ করেছিলাম। এখন তোমরা তা যিয়ারত কর। (মুসলিম ৫২২৮)

অন্য এক বর্ণনায় আছে, সুতরাং যে ব্যক্তি কবর যিয়ারত করতে চায়, সে যেন তা করে। কারণ তা পরকাল স্মরণ করায়।

(কবরের ধারে-পাশে এবং মৃতদেরকে নিয়েই শির্ক ও মূর্তিপূজা শুরু হয়েছে বলে) আমি তোমাদেরকে কবর যিয়ারত করতে নিষেধ করেছিলাম। সুতরাং এখন তোমরা কবর যিয়ারত করতে পার। কারণ, তা তোমাদেরকে আখেরাত স্মরণ করিয়ে দেয়। (মুসলিম ২৩০৫, আবৃ দাউদ ৩২৩৫, আহমাদ ৫/৩৫০-৩৫৫) এক বর্ণনায় আছে, তোমাদের কবর যিয়ারত যেন তোমাদের কল্যাণ বৃদ্ধি করে। (আহমাদ ৫/৩৫০-৩৫৫ প্রমুখ) অন্য এক বর্ণনায় তিনি বলেন, সুতরাং যে ব্যক্তি যিয়ারত করার ইচ্ছা করে সে করতে পারে; তবে যেন (সেখানে) তোমরা অশ্লীল ও বাজে কথা বলো না। (নাসাঈ ২০৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65143

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন